

**কোটায়**  
**ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য বিশেষ জ্ঞাতব্য**

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষ ভর্তি পরীক্ষায় কোটায় মেধাক্রমে সুযোগ প্রাপ্ত সকল ছাত্র/ছাত্রীদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, তাদের কুমিল্লা বিশ্ববিদ্যালয় website হতে ফলাফল প্রাপ্তির পর নিম্নবর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র, সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।

১। ‘গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়’ এ তালিকাভুক্ত একজন মুক্তিযোদ্ধার পোষ্য হিসেবে তালিকার (ওয়েব সাইট হতে ডাউনলোডকৃত) প্রয়োজনীয় অংশটির ফটোকপি।

২। পরীক্ষার্থীর (মুক্তিযোদ্ধার পোষ্য হিসেবে) ওয়ারিশ সনদ।

৩। সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বাবা/মা এর জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত পরীক্ষার্থী সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদপত্রের ফটোকপি।

৫। SEQ (উপজাতি), HSQ (অ-উপজাতি), PDQ (শারীরিক প্রতিবন্ধী), BKSP (বিকেএসপি) কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কোটা সংশ্লিষ্ট মূল সনদসমূহ।

৬। WQ ( পোষ্য কোটা) এর মেধাক্রমে সুযোগ প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর সন্তানদের জন্য বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কর্তৃক ইস্যুকৃত পোষ্য প্রত্যয়নপত্র যাচাইকরণের জন্য স্ব-স্ব ইউনিটে জমাদান করতে হবে।

৭। আগামী ০৬/১০/২০২৪ তারিখ হইতে ০৭/১০/২০২৪ তারিখ (৯.৩০টা থেকে ৪টা পর্যন্ত) এর মধ্যে উপরোক্ত সনদসমূহ অবশ্যই জমা দিতে হবে।

**বিঃ দ্রঃ** সকল কোটা সম্পর্কিত মূল সনদ এবং উপরোল্লিখিত সনদসমূহ যাচাই করা সাপেক্ষে ভর্তি নিশ্চিত করা হবে। সনদসমূহের মধ্যে গড়মিল/ভুল তথ্য পাওয়া গেলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় উপরিউক্ত সনদসমূহের মূল কপি অবশ্যই নিয়ে আসতে হবে।